



## ২০২৪ মুক্তি পাবে 'অ্যাথলেট সুলতানা কামাল'

সুলতানা কামাল ছিলেন দেশের স্বনামধন্য ক্রীড়াবিদ। ষাট ও সত্তর দশকে লং জাম্প ও ১০০ মিটার হার্ডলসে তিনি ছিলেন সবার সেরা। ক্রীড়াঙ্গনের উজ্জ্বল নক্ষত্র মনে করা হয় তাকে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র শেখ কামালের সঙ্গে বিয়ে হয়েছিল সুলতানা কামালের। ১৯৭৫ সালের ১৫ আগস্ট শেখ মুজিবুর রহমানের পরিবারের অন্য সদস্যদের সঙ্গে তাকেও হত্যা করে ঘাতকরা। ক্ষণজন্মা এ নক্ষত্রকে নিয়ে নির্মাণ হচ্ছে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অ্যাথলেট সুলতানা কামাল। সরকারি অনুদানে নির্মিত চলচ্চিত্রটি পরিচালনা করেছেন রিয়াজুল হক ইমরান। এতে সুলতানা কামালের ভূমিকায় অভিনয় করেছেন কলকাতার রিয়া ঘোষ।

## সম্মাননা পেলেন আতাউর রহমান

বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশনের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে সংগঠনটি আয়োজন করা হয়েছিল নাট্যনির্মাণ, পদক প্রদান ও সাংস্কৃতিক অনুষ্ঠান। বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালার মূল হলে অনুষ্ঠিত হয়েছিল আয়োজনটি। অনুষ্ঠানে প্রথমবারের মতো গ্রুপ থিয়েটার সম্মাননা দেওয়া হয় মঞ্চসারথি আতাউর রহমানকে।



## হিন্দুস্তান টাইমস সেরা শিল্পীদের তালিকায় জয়া

হিন্দুস্তান টাইমসে ছাপা হওয়া তালিকার শুরুতেই আছেন জয়া আহসান। ২০২৩ সালে ওটিটিতে নজরকাড়া পারফর্ম করা নতুন শিল্পীদের তালিকা প্রকাশ করেছে তারা। ২০২৩ সালটা দারুণ কাটিয়েছেন জয়া আহসান। পশ্চিমবঙ্গের দুটি বাংলা সিনেমায় নজরকাড়া পারফরম্যান্সের পর আলো ছড়িয়েছেন হিন্দি সিনেমাতেও। তার প্রথম হিন্দি সিনেমা 'কড়ক সিং' মুক্তি পায় ডিসেম্বর মাসে গত বছরের। অনিরুদ্ধ রায়চৌধুরীর সিনেমাটিতে অভিনয় করে ভারতীয় সমালোচকদের প্রশংসা কুড়িয়েছেন বাংলাদেশি অভিনেত্রী। এবার তিনি জায়গা পেলেন ভারতীয় দৈনিক হিন্দুস্তান টাইমসের তালিকায়।



## বাংলা সিনেমায় অভিনয় করতে চান সালমান

বাংলা সিনেমায় অভিনয়ের ইচ্ছাও প্রকাশ করলেন সালমান খান। ২৯তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের উদ্বোধনী মঞ্চে হাজির হয়ে তার এই ইচ্ছার কথা প্রকাশ করেন বলিউড ভাইজান। কলকাতার নেতাজি ইনডোর স্টেডিয়ামে প্রথমবার কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের মঞ্চে হাজির ছিলেন সালমান খান।






## আন্তর্জাতিক পুরস্কার জিতল মেঘের কপাট

ভারতের গ্লোবাল ইনডিপেনডেন্ট ফিল্ম ফেস্টিভ্যাল ২০২৩ এ তিনটি পুরস্কার জিতেছে বাংলাদেশি চলচ্চিত্র 'মেঘের কপাট'। ১ ডিসেম্বর কলকাতায় চলচ্চিত্রের পরিচালক ওয়ালিদ আহমেদ ও প্রযোজক আফরোজা মোমেনের হাতে এ পুরস্কার তুলে দেওয়া হয়। গ্লোবাল ইনডিপেনডেন্ট ফিল্ম ফেস্টিভ্যাল থেকে শ্রেষ্ঠ বিদেশি চলচ্চিত্র, শ্রেষ্ঠ পরিচালক (বিদেশি চলচ্চিত্র) ও রাজকাপুর পুরস্কার জিতেছে সিনেমাটি। তৃতীয়বারের মতো ড্রিমজ কালচারাল অ্যাসোসিয়েশন কর্তৃক আয়োজিত এ চলচ্চিত্র উৎসবে সারা বিশ্ব থেকে ৪০০টির বেশি চলচ্চিত্র অংশগ্রহণ করেছিল।



## মিশুক মুনীরের ব্যবহৃত জিনিস ফিল্ম আর্কাইভে

২০১১ সালের ১৩ আগস্ট সিনেমার লোকেশন দেখে মাইক্রোবাসে ঢাকায় ফেরার পথে মানিকগঞ্জে সড়ক দুর্ঘটনায় নিহত হন প্রখ্যাত চলচ্চিত্রকার তারেক মাসুদ, সাংবাদিক মিশুক মুনীরসহ গাড়ির পাঁচ যাত্রী। মর্মান্তিক এ ঘটনার প্রায় ১২ বছর পার হয়ে গেছে। বিশিষ্ট মিডিয়া ব্যক্তিত্ব, সাংবাদিক ও সিনেমাটোগ্রাফার মিশুক মুনীরের ব্যবহৃত বিভিন্ন দ্রব্য ও দলিলাদি বাংলাদেশ ফিল্ম আর্কাইভে জমা দিয়েছেন তার স্ত্রী মঞ্জুলী মুনীর।



## অমিতাভ বচ্চনের ৩৭০০ কোটি টাকার সম্পত্তি ভাগ হচ্ছে

ভারতীয় গণমাধ্যম খবর প্রকাশ করেছে, প্রতীক্ষা বাংলোটি কন্যা শ্বেতা বচ্চনের নামে লিখে দিয়েছেন অমিতাভ বচ্চন। এরপরই জানা যায়, নিজের সব সম্পত্তি সন্তানদের মধ্যে ভাগ করে দিচ্ছেন বিগ বি। সম্প্রতি এক অনুষ্ঠানে সম্পত্তি ভাগাভাগি নিয়ে মুখ খুলেছেন অমিতাভ নিজেই।

তবে ভারতীয় বিভিন্ন গণমাধ্যম থেকে জানা গেছে, অমিতাভ বচ্চনের সব সম্পত্তি নয়, ২ হাজার ৮০০ কোটি রুপির (প্রায় ৩ হাজার ৭০০ কোটি টাকা) সম্পত্তির ভাগ কীভাবে হবে তা ঠিক হয়েছে।

জানা গেছে, বাবার সম্পত্তি ছাড়াও অভিষেক বচ্চনের মোট সম্পদের পরিমাণ এখন ২৮০ কোটি রুপি, অন্যদিকে শ্বেতার আছে ১১০ কোটি রুপির সম্পদ।

## আজীবন সম্মাননা পাচ্ছেন কণ্ঠশিল্পী ফেরদৌস আরা

দেশের শ্রোতানন্দিত কণ্ঠশিল্পী ফেরদৌস আরা। বাংলাদেশ বেতার ও টেলিভিশনের নিয়মিত ও নজরুল সংগীতশিল্পী হিসেবে তিনি সমাদৃত। ঢাকা বিশ্ববিদ্যালয়ে খণ্ডকালীন অধ্যাপনা, নজরুল ইনস্টিটিউটে নজরুল সংগীতের প্রশিক্ষক, সংগীত অনুষ্ঠান উপস্থাপনা, লেখালেখি, সিনেমা প্লেব্যাকসহ নানা প্রতিযোগিতায় বিচারকের কাজ করছেন ফেরদৌস আরা। সংগীতে দীর্ঘ এ পথচলার স্বীকৃতি হিসেবে তিনি আজীবন সম্মাননা পেতে যাচ্ছেন। 'স্টার প্লাস মিউজিক অ্যাওয়ার্ড ২০২৩' থেকে আজীবন সম্মাননা পাচ্ছেন এই শিল্পী।



## ডোনাল্ড ট্রাম্পের ভূমিকায় সেবাস্তিয়ান স্ট্যান

অনেক গবেষণার পর অবশেষে মাঠে গড়াল বহুল আলোচিত ও সমালোচিত আমেরিকার সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বায়োপিক। ট্রাম্পের ক্ষমতা এবং খ্যাতির উত্থান নিয়ে নির্মিত হতে যাওয়া বায়োপিকটির নাম দেওয়া হয়েছে 'দ্য অ্যাপ্রেন্টিস'। তারকাখচিত অভিনয়শিল্পীদের নিয়ে চিত্রগ্রহণ শুরু হয়েছে সিনেমাটির। এ বায়োপিকে ডোনাল্ড ট্রাম্পের চরিত্রে দেখা মিলবে 'ক্যাপ্টেন আমেরিকা'খ্যাত অভিনেতা সেবাস্তিয়ান স্ট্যান। এ ছাড়া আইনজীবী কোহনের চরিত্রে অভিনয় করবেন অ্যামি বিজয়ী জেরেমি। ট্রাম্পের প্রথম স্ত্রী ইভানার ভূমিকায় অভিনয় করবেন অস্কার মনোনীত মারিয়া বাকালোভা।










## ১৭২ দেশে কোক স্টুডিও বাংলার গান

২০২২ সালে বাংলাদেশে আসে কোক স্টুডিও বাংলা। শুরু থেকেই নানামুখী প্রতিভাদের একত্রিত করে সৃজনশীল ও নতুন ধারার সংগীত সৃষ্টির মাধ্যমে আলোড়ন তৈরি করে প্ল্যাটফর্মটি। এ পর্যন্ত চট্টগ্রাম, সিলেট, ময়মনসিংহসহ দেশের বিভিন্ন অঞ্চলের গান প্ল্যাটফর্মটিতে পরিবেশিত হয়েছে। এতে অংশ নিয়েছেন প্রায় ১০০ জন শিল্পী। যার মধ্যে আছেন অনিমেষ রায়, হামিদা বানু, আলেয়া বেগম, মুকুল মজুমদার ঈশানসহ অনেক লুকিয়ে থাকা রত্ন। দুই সিজনে এসেছে ২০টির বেশি গান। এসব গান ১৭২ দেশে ছড়িয়ে পড়েছে বলে দাবি করেছে প্রতিষ্ঠানটি।

## যুক্তরাষ্ট্রে মৌসুমীর ‘কন্ট্রাক্ট বিয়ে’

সম্প্রতি যুক্তরাষ্ট্রে গিয়েছিলেন চিত্রনায়িকা মৌসুমী। সেখানে আগেই অবস্থান করছিলেন নির্মাতা ও অভিনেতা হাসান জাহাঙ্গীর। তারা অংশ নিয়েছেন ওয়েব সিরিজের শুটিংয়ে। জানা গেছে, তারা ‘কন্ট্রাক্ট বিয়ে’ শিরোনামের একটি ওয়েব সিরিজে অভিনয় করেছেন।



## ফিলিস্তিনের জন্য ২৫ লাখ ডলার অর্থ সহায়তা

যুদ্ধকবলিত ফিলিস্তিনিবাসীর খাবারের জন্য ২৫ লাখ ডলারের অর্থ সহায়তা দিয়েছেন ‘ব্লাইন্ডিং লাইটস’ খ্যাত কানাডিয়ান গায়ক দ্য উইকেন্ড ওরফে অ্যাবেল তেসফায়ে। জাতিসংঘের বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি) বিষয়টি জানিয়েছে। এই অনুদানের অর্থ দিয়ে ৪০ লাখ প্যাকেট বা ৮২০ টন জরুরি খাদ্য সরবরাহ করা যাবে। এ দিয়ে ১ লাখ ৭৩ হাজারের বেশি ফিলিস্তিনির ২ সপ্তাহ ভরণপোষণ বহন করা সম্ভব।

## বডি শেমিংয়ের শিকার নিকোল কিডম্যান

হলিউড অভিনেত্রী নিকোল কিডম্যান সামাজিকমাধ্যমে বডি শেমিংয়ের শিকার হয়েছেন। অস্ট্রেলিয়ান সংগীতের জন্য দাতব্য সমর্থন করে ইনস্টাগ্রামে নিজের কিছু ছবি পোস্ট করেছিলেন এই অভিনেত্রী। ব্যস, সেখানেই কিছু নেটিজেনের আপত্তিকর মন্তব্যের শিকার হন তিনি। অস্ট্রেলিয়ান গায়ক কিথ আরবানকে বিয়ে করেছেন নিকোল। আর সেই সূত্রেই অস্ট্রেলিয়ান সংগীতকর্মীদের জন্য অর্থ সংগ্রহের জন্য অস্ট্রেলিয়ান শিল্পীদের কাছ থেকে পাওয়া টি-শার্ট পরে সামাজিকমাধ্যমে দাতব্য সাহায্যের আহ্বান জানিয়েছেন অভিনেত্রী। কিন্তু তার দাতব্য কার্যক্রমের প্রশংসা করার পরিবর্তে, তার কিছু অনুসারী তার শারীরিক পরিবর্তনের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন এবং তাকে ঘিরে আপত্তিকর মন্তব্য করে বসেন।

